# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২৪৫১

পর্ব-১০: আল্লাহ তা‘আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰى)

পরিচ্ছেদঃ ৫. তৃতীয় অনুচ্ছেদ - বিভিন্ন সময়ের পঠিতব্য দু‘আ

### আরবী

وَعَن قَتَادَة: بَلَغَهُ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا رَأَى الْهِلَالَ قَالَ: «هِلَالُ خَيْرٍ وَرُشْدٍ هِلَالُ خَيْرٍ وَرُشْدٍ هِلَالُ خَيْرٍ وَرُشْدٍ آمَنْتُ بِالَّذِي خَلَقَكَ» ثَلَاثَ مَرَّاتٍ ثُمَّ يَقُولُ: «الْحَمْدُ لِلَّهِ الَّذِي ذَهَبَ بِشَهْرِ كَذَا وَجَاءَ بِشَهْرِ كَذَا» . رَوَاهُ أَبُو دَاوُد

### বাংলা

২৪৫১-[৩৬] কাতাদাহ্ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, তাঁর কাছে বিশ্বস্তসূত্রে খবর এসেছে যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নতুন চাঁদ দেখে এ বাক্যটি তিনবার বলতেন, ’’হিলা-লু খয়রিন ওয়া রুশদিন হিলা-লু খয়রিন ওয়া রুশদিন হিলা-লু খয়রিন ওয়া রুশদিন আ-মানতু বিল্লাযী খলাকক’’ (অর্থাৎ- কল্যাণ ও হিদায়াতের চাঁদ, কল্যাণ ও হিদায়াতের চাঁদ, কল্যাণ ও হিদায়াতের চাঁদ। যিনি তোমাকে সৃষ্টি করেছেন, তার ওপর আমি ঈমান আনলাম।)। অতঃপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলতেন, ’’আলহামদু লিল্লা-হিল্লাযী যাহাবা বিশাহরি কাযা- ওয়াজা-আ বিশাহরি কাযা-’’ (অর্থাৎ- সমস্ত প্রশংসা আল্লাহর যিনি [বিগত] মাস শেষ করলেন এবং এই মাস আনলেন)। (আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৫০৯২, মুসান্নাফ ‘আবদুর রাযযাক্ব ৭৩৫৩, ইবনু আবী শায়বাহ্ ২৯৭৪৯, য‘ঈফাহ্ ৩৫০৬, য‘ঈফ আল জামি‘ ৪৪০৭। কারণ হাদীসটি মুরসাল।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: চাঁদ আল্লাহ তা‘আলার ‘ইবাদাতের সাথে কিয়ামের সঠিক নির্দেশনা দেয় এবং তা হজ, সিয়াম ও অন্যান্য ‘ইবাদাতের সময় নির্ণয়ক। যেমন- আল্লাহ তা‘আলার কথাঃ ‘‘তারা আপনাকে চাঁদের ব্যাপারে জিজ্ঞেস.....।’’ (সূরা আল বাকারাহ্ ২ : ১৮৯)

আবূ সা‘ঈদ আল খুদরী (রাঃ) এর অপর বর্ণনায় রয়েছে যে, যখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নতুন চাঁদ

দেখতেন, তখন বলতেনঃ هِلَالُ خَيْرٌ وَّرُشْدٌ ثَلَاثُ مَرَّاتٍ “চাঁদ কল্যাণকর ও সঠিক পথের দিশা।” এটি তিনবার বলতেন।

اٰمَنْتُ بِالَّذِىْ خَلَقَكَ ثَلَاثُ مَرَّاتٍ “আমি ঈমান এনেছি ঐ সত্তার প্রতি যিনি তোমাকে সৃষ্টি করেছেন”, তিনবার বলতেন। অতঃপর বলতেনঃ اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ جَاءَ بِالشَّهْرِ وَذَهَبَ بِالشَّهْرِ সমস্ত প্রশংসা আল্লাহ তা‘আলার জন্য যিনি (নতুন) মাস নিয়ে এলেন এবং (বিগত) মাস নিয়ে গেলেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57011

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন